# জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
# বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

সেক্টর- ৮, প্লট- ৫/এ, উত্তরা মডেল টাউন, ঢাকা- ১২৩০
bpi.gov.bd

বিষয় : বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট এর সুশাসন সম্পর্কিত উত্তম চর্চার বিষয়ে অংশীজনদের সঙ্গে মত বিনিময় সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মো: আজিজুল ইসলাম, মহাপরিচালক, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট । |
| সভার তারিখ | : | ২০/০৬/২০২১। |
| সভার সময় | : | সকাল ১১.০০ ঘটিকা। |
| স্থান | : | অনলাইন সিস্টেম (জুম) |
| উপস্থিতি | : | রেকর্ডেড। |

শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অতিরিক্ত সচিব (প্রশাসন) ও সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। অত:পর সভাপতি বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউটের সুশাসন সম্পর্কিত উত্তম চর্চার বিষয় উপস্থাপনা প্রদানের জন্য নির্দেশনা প্রদান করেন।

২। সভায় পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে উত্তম চর্চার আওতায় বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট কর্তৃক গৃহীত কার্যক্রমের বিবরণ প্রদান করা হয়। ফায়ার ফাইটিং মহড়া আয়োজন, সকাল বিকাল হাজিরা পরীক্ষা, বিদ্যুৎ, পানি ও গ্যাস এর অপচয় রোধ পর্যবেক্ষণ, সরকারি টেলিফোন অপব্যবহার রোধে কলবারিংকরণ, গাড়ির জ্বালানি ব্যবহারের সঠিক পর্যবেক্ষণ ইত্যাদি বিষয় গুরুত্বের সাথে তুলে ধরা হয়। বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউটের ২০২১-২২ অর্থবছরের উত্তম চর্চার লক্ষ্যমাত্রা তুলে ধরা হয়।

৩। এ পর্যায়ে আলোচনায় অংশ নিয়ে পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ), বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট সভায় অংশগ্রহণকারী সকল প্রতিষ্ঠানের প্রতিনিধিদের ধন্যবাদ জানান। এরপর তিনি সভায় উপস্থিত দপ্তর/সংস্থা/কোম্পানিসমূহের প্রতিনিধির নিকট হতে মতামত আহ্বান করেন।

৪। জনাব মোঃ আবুল কাসেম প্রধানীয়া, মহাব্যবস্থাপক, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানি লিমিটেড, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট-এর প্রশিক্ষণ ক্যালেন্ডারে প্রশিক্ষণ বিষয়ক উত্তম চর্চা যোগ করার অনুরোধ জানান। বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট হতে প্রশিক্ষণ বিষয়ক উত্তম চর্চা যোগ করার বিষয় নিশ্চিত করা হয়। আলোচনায় অংশ নিয়ে উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট, বলেন, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউটে এ সংক্রান্ত অনলাইন প্রশিক্ষণে উত্তম চর্চা বিষয়ক কিছু গাইডলাইন আছে। সেগুলো অনলাইন প্রশিক্ষণের শুরুতেই প্রশিক্ষণার্থীদের অবহিত করা হয়। তবে উত্তম চর্চা সংক্রান্ত প্রশিক্ষণ কর্মসূচি বাৎসরিক প্রশিক্ষণ ক্যালেন্ডারে সংযোজন করা যায়।

Shahadat

৫। আলোচনায় অংশ নিয়ে জনাব মাহমুদা বেগম, ব্যবস্থাপক, রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানী লিমিটেড, বলেন, জাতীয় শুদ্ধাচারের কৌশলের অন্তর্ভুক্ত একটি বিষয় হলো উত্তম চর্চা। এসব বিষয়গুলো জাতীয় শুদ্ধাচার কৌশলের ভেতরেই আছে। জবাবে বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট হতে জানানো হয়, উত্তম চর্চা যে কোনো প্রতিষ্ঠানে আবশ্যিক বিষয় হিসেবে বিবেচিত হতে পারে। এটা আয়োজন করার বাধ্যবাধকতাও রয়েছে। তিনি অত:পর সকল অংশীজনের নিকট হতে মতামত আহবান করেন।

৬। জনাব মোঃ আবুল কাসেম প্রধানীয়া, মহাব্যবস্থাপক, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানি লিমিটেড, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউটের প্রশিক্ষণ ক্যালেন্ডারে অধিক সংখ্যক উত্তম চর্চা বিষয়ক প্রশিক্ষণ রাখার বিষয়ে অনুরোধ করেন। বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট হতে অধিক সংখ্যক উত্তম চর্চা বিষয়ক প্রশিক্ষণ আয়োজনে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার বিষয়টি নিশ্চিত করা হয়।

৭। এ পর্যায়ে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অতিরিক্ত সচিব (প্রশাসন) ও সভাপতি বলেন, অংশগ্রহণকারী কর্মকর্তাবৃন্দ দুইটি বিষয় নিয়ে অনেক ট্রেনিং করেছেন। সেগুলো হচ্ছে- সিটিজেন চার্টার ও শুদ্ধাচার। ট্রেনিং ইন্সটিটিউট হিসেবে বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট এসব বিষয়ে সকল সময় প্রশিক্ষণ প্রদান করে থাকে। প্রতিটি প্রতিষ্ঠানে এসব বিষয় আবশ্যিকভাবে চর্চা করা হয়। বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট কর্তৃক আয়োজিত উত্তম চর্চা বিষয়ক প্রশিক্ষণের মাধ্যমে প্রতিটি প্রতিষ্ঠান সমৃদ্ধ হতে পারে। তিনি অংশগ্রহণকারী সকল কর্মকর্তাবৃন্দকে বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউটে প্রশিক্ষণ গ্রহণ করার বিষয়ে আহ্বান জানান। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের একমাত্র ট্রেনিং প্রতিষ্ঠান হিসেবে বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউটকে শক্তিশালী করার জন্য তিনি উপস্থিত সব কর্মকর্তাবৃন্দের সহযোগিতা করার নির্দেশনা দেন।

৮। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: আজিজুল ইসলাম)
অতিরিক্ত সচিব (প্রশাসন)
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
ও
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
ফোন: ৮৯৩৩৩৩৪

নং-২৮.০৪.০০০০.০০৪.২৪.০০৭.১৮-৫৭৩

তারিখ : ২৯ জুন, ২০২১
০৭ আষাঢ়, ১৪২৮

২০/০৬/২০২১ তারিখ দুপুর ১১:০০ ঘটিকায় অনুষ্ঠিত সুশাসন সম্পর্কিত উত্তম চর্চার বিষয়ে অংশীজনের সঙ্গে মত বিনিময় সভায় উপস্থিতির তালিকা:

| ক্রমিক নং | নাম ও পদবি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) | প্রতিষ্ঠানের নাম |
|---|---|---|
| ১। | জনাব মোহাম্মদ আলী, ব্যবস্থাপনা পরিচালক | বাপেক্স |
| ২। | জনাব মোঃ আবুল কাসেম প্রধানীয়া, মহাব্যবস্থাপক | পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানি লিমিটেড |
| ৩। | জনাব মোঃ আখতার হোসেন, মহাব্যবস্থাপক | মেঘনা পেট্রোলিয়াম কোম্পানি লিমিটেড |
| ৪। | জনাব কাজী মাহবুবুল আলম, উপমহাব্যবস্থাপক | বাপেক্স |
| ৫। | জনাব জাহিদ আনোয়ার, ব্যবস্থাপক | বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানি লিমিটেড |
| ৬। | জনাব মো: ফরিদুল হুদা, ব্যবস্থাপক | সিলেট গ্যাস ফিল্ড লিমিটেড (এসজিএফএল) |
| ৭। | জনাব মাহমুদা বেগম, ব্যবস্থাপক | রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানী লিমিটেড |
| ৮। | জনাব আলী মোহাম্মদ খান, ব্যবস্থাপক (প্রশিক্ষণ) | তিতাস গ্যাস কোম্পানি লিমিটেড |
| ৯। | জনাব মো: শাহিনুর ইসলাম, ব্যবস্থাপক | বাপেক্স |
| ১০। | জনাব সুলতানা নাজনীন, ব্যবস্থাপক | সিলেট গ্যাস ফিল্ড লিমিটেড (এসজিএফএল) |
| ১১। | জনাব কামরুল ইসলাম চৌধুরী, ব্যবস্থাপক | কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড |
| ১২। | জনাব আমেনা বেগম, ব্যবস্থাপক (প্রশিক্ষণ) | গ্যাস ট্রান্সমিশন কোম্পানি লিমিটেড |
| ১৩। | জনাব শুভঙ্কর কুমার সাহা, ব্যবস্থাপক (প্রশিক্ষণ) | বাংলাদেশ গ্যাস ফিল্ডস কোম্পানি লিমিটেড |
| ১৪। | জনাব মাহাদী হাসান, উপপরিচালক | হাইড্রোকার্বন ইউনিট |
| ১৫। | জনাব মো: আল আমিন, উপব্যবস্থাপক | তিতাস গ্যাস কোম্পানি লিমিটেড |
| ১৬। | জনাব সাখাওয়াত হোসেন, সহকারী বিস্ফোরক পরিদর্শক | বিস্ফোরক অধিদপ্তর |